নজরুলের চরিত্রে সুবর্ণ কাজী

আজকাল নজরুল জীবননির্ভর কোনো নাটক হলেই গোফওয়ালা দীর্ঘ চুলের এক পুরুষকে দেখা যায়, যার চেহারা অনেকটাই নজরুলের চেহারার ছায়া অবলম্বনে। তিনি নজরুলের নাতি সুবর্ণ কাজী। তার সঙ্গে কথা হয় তার সাম্প্রতিক কাজ ও নজরুলের বিভিন্ন তথ্য নিয়ে।

সুবর্ণ কাজী সম্প্রতি শেষ করলেন নজরুলের জীবনের খন্ডাংশের নাটক 'দোলনচাঁপা'র কাজ। এ নাটকে দেখা যাবে নজরুল ও তার স্ত্রী প্রমিলার প্রেম আখ্যান। ১৯২২ থেকে ১৯২৪ সাল নজরুলের জীবনের খুবই গুরুত্বপূর্ণ অংশ। এ সময়েই তার অসংখ্য বিখ্যাত কবিতা রচিত হয়। যেমন কামাল পাশা, বিদ্রোহী কবিতা সৃষ্টি সুখের উল্লাসে ইত্যাদি। প্রমিলার সঙ্গে তার সম্পর্কটাও এ সময়ই হয়। আবার এ সময়ই তিনি জেলে যান। দোলনচাঁপা নাটকে এই গুরুত্বপূর্ণ অধ্যায়টিই দেখানো হবে। নজরুলের মৃত্যুবার্ষিকী উপলক্ষে ২৭ আগস্ট সন্ধ্যা ৭.৫০ মিনিটে চ্যানেল আইতে প্রচারিত হবে এ নাটকটি। দোলনচাঁপায় সুবর্ণ কাজীই যে নজরুল ভূমিকায় নেমেছেন তা আর বলার অপেক্ষা রাখে না। প্রমিলা চরিত্রে দেখা যাবে জনপ্রিয় মডেল তিশাকে। নাটকটি পরিচালনা করেছেন এককালের জনপ্রিয় চলচ্চিত্র নায়িকা অরুণা বিশ্বাস। সুবর্ণ কাজী অরুণা বিশ্বাসের পরিচালনা সম্পর্কে বলেন, তিনি পরিচালনার ক্ষেত্রে বেশ দক্ষ। অন্য আর্টিস্টদের সম্পর্কে তিনি বলেন, 'সবাই বেশ সহযোগী মনোভাবাপন্ন ছিল। আর নজরুলের নাটক হিসেবে এখানে সবাই বেশ সতর্কতা ও আন্তরিকতার সঙ্গে কাজ করেছে।' নজরুল চরিত্রে অভিনয় করার অনুভূতি জানতে চাইলে তিনি বলেন, 'নজরুল চরিত্রে অভিনয় আমি এর আগেও করেছি। তাই এ চরিত্রে আমি অভ্যস্ত হয়ে গেছি। কোনো একটা চরিত্রের সঙ্গে মিশে যাওয়া যেটাকে বলে সেটা আমার হয়ে গেছে।' শিশু একাডেমীর একটি শর্টফিল্মে ১৯৯৪ সালে প্রথম নজরুল চরিত্রে অভিনয় করেন তিনি। ফিল্মটির নাম ছিল 'বাংলা মায়ের দামাল ছেলে'। এরপর ১৯৯৭ সালে ডিডি ওয়ান এবং ডিডি সেভেনে করেছেন 'কাজী নজরুল' ধারাবাহিক। চাষী নজরুলের পরিচালনায় 'শিল্পী' নামের নাটকেও তিনি অভিনয় করেছেন। পরবর্তীতে আরো তিনটি নাটকে কাজ করেন- চোখের জলে প্রিয়া, নার্গীস এবং সর্বশেষ দোলনচাঁপা। এক ঘণ্টার নাটক দোলনচাঁপা নিয়ে সুবর্ণ কাজী দারুণ আশাবাদী। এ নাটকের বাইরেও কথা হয় নজরুলের বিভিন্ন কাজ নিয়ে। আকাশবাণীতে পঠিত কাজী সব্যসাচীর আবৃত্তিগুলো বিশেষ করে বিদ্রোহী কবিতা এখন বাজারে সিডিতে পাওয়া যাচ্ছে। নজরুলের যেসব লেখা গ্রন্থিত হয়নি বা যেসব গান এখনো রেকর্ড হয়নি সেগুলো সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, 'নজরুলের রেকর্ডকৃত গানের সংখ্যা ১ হাজার ৮০০। এর বাইরে যেসব বিক্ষিপ্ত গান রয়েছে সেগুলো সংগ্রহের চেষ্টা চলছে। আমি নিজেই গবেষণা করছি। আর অগ্রন্থিত লেখাগুলো সংগ্রহ চলছে। কিছু কিছু লেখা বা গান পাওয়াও যাচ্ছে। নজরুলের কাজ আসলে বিভিন্ন স্থানে ছড়ানো। সুতরাং সংগ্রহ করতে সময় লাগবেই। তবে সংগ্রহের কাজটা বিশাল আকারে করা উচিত। এ ব্যাপারে নজরুল গবেষকরা চেষ্টা চালিয়ে যাচ্ছেন। আর আজকাল তো নজরুলের অনেক গল্প নিয়ে কাজ হচ্ছে। যেমন 'রাক্ষসী' গল্প নিয়ে ফিল্ম হচ্ছে।

নজরুল নিজে 'ধ্রুব' নামে একটি চলচ্চিত্রে অভিনয় করেছেন, যা বাংলাদেশ ফিল্ম আর্কাইভে রক্ষিত আছে। বাইরে আরো কিছু ছবিতে অভিনয় করেছেন, কিন্তু সেগুলোর হদিস মেলা ভার। অভিনয়ের বাইরে নজরুল বেশ কিছু চলচ্চিত্রে সঙ্গীত পরিচালনাও করেছেন।'

নজরুলের স্মারক রেকর্ড সংরক্ষণে বাংলাদেশ ও ভারত সরকারের উদ্যোগের ব্যাপারে তিনি বললেন, 'কলকাতায় রবীন্দ্র আবহটা বেশি। যদিও বাংলাদেশের চেয়ে পশ্চিমবঙ্গেই তার কাজের পরিধি বেশি। তবে পশ্চিমবঙ্গে কিছু কিছু প্রতিষ্ঠান নিজ উদ্যোগে তার কাজ নিয়ে গবেষণা বা সংগ্রহ করলেও সরকারি তেমন কোনো উদ্যোগ লক্ষ্য করা যায় না। আর বাংলাদেশ সরকার নজরুল ইনস্টিটিউট করে দিয়েছে, এর বেশি কিছু করবেও না। এখন যা কিছু করতে হয় সবকিছুই নজরুল ইনস্টিটিউট করবে।' সেই সঙ্গে তিনি এও জানালেন, নজরুল ইনস্টিটিউট কাজ

দোলনচাঁপা নাটকে তিশা ও সুবর্ণ কাজী

চালিয়ে যাচ্ছে। আরেকটি প্রশ্নের জবাবে সুবর্ণ কাজী বলেন, 'অনিরুদ্ধ কাজী নজরুলের যে গানগুলো গিটারে তুলেছিলেন তার সিডিও বাজারে পাওয়া যাচ্ছে। শ্রোতারা বেশ আগ্রহের সঙ্গে এ রেকর্ডটি গ্রহণ করেছে। এমনকি নজরুল গবেষক এবং শিল্পীরাও বিষয়টিকে বেশ ভালোভাবে নিয়েছেন।' নজরুলের কাজ নিয়ে আর কী কী করা যেতে পারে এ প্রশ্নের জবাবে তিনি বলেন, 'নজরুলের কাজ নিয়ে গবেষণা বা সংগ্রহ চলছে। তবে তা ব্যক্তিগত উদ্যোগে এবং খাপছাড়াভাবে। এই খাপছাড়া কাজ না হয়ে যদি একত্রে কাজগুলোর মেলবন্ধন থাকতো তাহলে অনেক ভালো হতো। কারণ যে যার মতো কাজ করে যাচ্ছেন, অন্যরা তা জানছেনও না। কাজটা যোগসূত্রে হলে বেশ গোছালো এবং সমৃদ্ধ হতো বলে তিনি মন্তব্য করেন।' নজরুলের কাজ ছড়ানোর জন্য তিনি বিভিন্ন ভাষায় অনুবাদের কথা বললেন। যেমন তার গজল আরবিতে অনুবাদ হলে আরবরা অনেক উপকৃত হবে। আবার বাংলা কীর্তনগুলো হিন্দিতে অনুবাদ করা গেলে হিন্দুরা উপকৃত হতো। তেমনি তার প্রেমের গানগুলো ইংরেজিতে অনুবাদ করলে অনেক দেশই সেটা গ্রহণ করতো। মোদ্দা কথা, নজরুলের লেখা আন্তর্জাতিকীকরণের কথা বললেন। সেই সঙ্গে আধুনিক মিডিয়া টিভি বা চলচ্চিত্রে তার কাজকে আরো বেশি বেশি গুরুত্ব দেয়ার কথাও বললেন। সেই সঙ্গে নজরুল সম্মেলন যদি বেশি বেশি করা যায় তাহলেই নজরুলের কাজ সবার মধ্যে ছড়িয়ে পড়বে। কিন্তু কোনো প্রতিষ্ঠান এককভাবে এ দায়িত্বটা নিচ্ছে না। সুবর্ণ কাজী জানালেন, তিনি নিজে আগামীতে নজরুলের কাজ নিয়ে মাঠে নামছেন। নজরুলের নাতি হিসেবে এবং কাজী পরিবারের ঐতিহ্য ধরে রাখতেই তিনি এ কাজ করবেন। এ রকম একটি পরিবারে জন্মগ্রহণ এবং নজরুলের দৌহিত্র হিসেবে তিনি বেশ গর্বিত। তবে তিনি সরাসরি নজরুলের নাতি নন, তার ছোট ভাইয়ের নাতি। কাজী পরিবারে বাকি সদস্যরা বেশির ভাগই আছেন চুরুলিয়া গ্রামে। কলকাতায়। কাজী নজরুলের দুই ছেলের মধ্যে অনিরুদ্ধের পরিবার আছেন কলকাতায় এবং সব্যসাচীর পরিবার ঢাকায়। তবে সুবর্ণ কাজীর দুই বাংলায়ই কাজ করার ইচ্ছা। অন্যান্য পরিবারের চেয়ে তিনি শিল্পী হিসেবেই নিজের পরিচয় দিতে পছন্দ করেন। ইতিমধ্যে তিনি বেশ কিছু গান লিখেছেন এবং সুরও করেছেন। আর ফাঁকে ফাঁকে নাটক বা চলচ্চিত্রে সঙ্গীত পরিচালনা করতে ইচ্ছুক।

এনামুল করিম নির্ঝরের
প্রামাণ্যচিত্রে স্থপতি মাযহারুল ইসলাম



স্থপতি মাযহারুল ইসলাম

সম্প্রতি স্থপতি মাযহারুল ইসলামের জীবন ও কর্ম নিয়ে প্রমাণ্যচিত্র 'তিনি' প্রদর্শিত হয় জাতীয় জাদুঘর মিলনায়তনে। প্রমাণ্যচিত্রটি তৈরি করেন আরেক স্থপতি এনামুল করিম নির্ঝর। প্রদর্শনীটিতে উপস্থিত ছিলেন অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদ এবং শিল্পী কাইয়ুম চৌধুরী। মাযহারুল ইসলাম বাংলাদেশের প্রথম স্থপতি। বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট প্রযোজিত 'তিনি' প্রমাণ্যচিত্রে মূলত তার কর্ম, তার নিজের ভাষ্য ও বিভিন্ন স্থপতির মতামত তুলে ধরা হয়েছে। এ প্রামাণ্যচিত্রে কোনো ধারাভাষ্য রাখা হয়নি। ৪৬ মিনিট ব্যাপ্তির এ ছবিতে মূলত তার চিন্তাধারাকেই প্রাধান্য দেয়া হয়েছে। ছবিটির চিত্রগ্রহণ করেন শামীম মাযহার এবং আবহ সঙ্গীত ফোয়াদ নাসের বাবুর। ছবিটি সম্পর্কে নির্মাতা এনামুল করিম নির্ঝর বলেন, তিনি নিজের দায়বদ্ধতা থেকে এটি করেছেন। মাযহারুল ইসলামের চিন্তা এবং নীতিবোধকে তিনি শ্রদ্ধা করেন। এ বোধই তাকে উৎসাহিত করেছে এ রকম প্রামাণ্যচিত্র তৈরিতে। এছাড়াও কোনো স্থপতিকে নিয়ে প্রামাণ্যচিত্র তৈরি এটাই প্রথম। নির্মাতা এর আগেও বেশ কয়েকটি প্রামাণ্যচিত্র তৈরি করেন। দি শ্যাডো গ্যাপ, তখন, খেয়াল এ ছবিগুলো ইতিমধ্যেই বিভিন্ন চ্যানেলে প্রচারিত হয়েছে। প্রামাণ্যচিত্রে মাযহারুল ইসলামের নিজ কথনের বাইরেও রয়েছে বিভিন্ন স্থাপতি সম্পর্কে মূল্যায়ন। ভারতীয় স্থপতি ও দেশী-বিদেশী স্থপতিরা শামসুল ওয়ারেস, রবিউল হোসেন, মাযহারুল ইসলামের চিন্তাধারাকে প্রগতিশীল হিসেবে উল্লেখ করেন। নির্মাতা আরো জানান, স্থপতি মাযহারুল ইসলামের চরিত্রের সবচেয়ে বড় দিক হচ্ছে তার আপসহীন মনোভাব... 'তিনি' প্রামাণ্যচিত্রটি ডিভি ক্যামেরায় শুট করা হয়েছে। নির্মাতার এ প্রামাণ্যচিত্রের পাশাপাশি 'আহা' নামে ৩৫ মিনিটের পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রও নির্মাণ করেছেন। এ চলচ্চিত্রটির শুটিং শেষ হয়েছে কিন্তু সঙ্গীত ও সম্পাদনার কাজ বাকি রয়েছে। এ নির্মাতা জানালেন এ ছবির সঙ্গীতের কাজ ভারতে করাচ্ছেন। আর তিন ঘণ্টার এ ছবির জন্য তিনি ১১ ঘণ্টা রাশপ্রিন্ট তৈরি করেছেন। তিনি আরো জানালেন, তার মূল লক্ষ্যই হচ্ছে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ। আর প্রামাণ্যচিত্র নির্মাণ সেই লক্ষ্যে গাঁথুনি হিসেবে কাজ করেছে।

'আহা' চলচ্চিত্রটি নির্মাণ শেষে দেশের বাইরে কোনো চলচ্চিত্র উৎসবে প্রদর্শন করা হবে। এ চলচ্চিত্রটি পুরনো ঢাকার বাড়ি নিয়ে স্যাটায়ারধর্মী একটি গল্প দিয়ে তৈরি। এ ছবি সম্পর্কে পরিচালক আরো জানান, তিনি এতে মানুষের সহজাত প্রবৃত্তি দেখানোর চেষ্টা করেছেন। ব্যক্তিগত জীবনে নির্মাতা এনামুল করিম নির্ঝর শিল্পের অন্যান্য মাধ্যমেও কাজ করার চেষ্টা করেছেন, যার সম্মিলন ঘটেছে চলচ্চিত্রে।

নির্মাতা স্থপতি এনামুল করিম নির্ঝর

এ সপ্তাহের ঢাকা

- **বিশ্বসাহিত্য কেন্দ্র :** বিশ্বসাহিত্য কেন্দ্রের নিয়মিত আয়োজন চলচ্চিত্র প্রদর্শনী। এরই ধারাবাহিকতায় এ সপ্তাহে দেখানো হবে:

তারিখ ও সময়	ছবির নাম
২৫ আগস্ট সন্ধ্যা ৬টায়	সেক্স অ্যান্ড লুসিয়া
২৬ আগস্ট সন্ধ্যা ৬টায়	সানফ্লাওয়ার
২৮ আগস্ট সন্ধ্যা ৬টায়	দ্যা ওল্ডম্যান অ্যান্ড দ্যা সি
২৯ আগস্ট সন্ধ্যা ৬টায়	দ্যা গ্রেট ডিরেক্টর

- **মহিলা সমিতি :** ২৪ আগস্ট সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে মহিলা সমিতিতে মঞ্চায়িত হবে ঢাকা থিয়েটারের নাটক 'ঘরজামাই'।
- **শিল্পাঙ্গন :** শিল্পাঙ্গনে শুরু হয়েছে দেশের ১০ গুণী শিল্পীর শিল্পকর্ম নিয়ে 'শতবর্ষের ঢাকা' শিরোনামের প্রর্দশনী। প্রদর্শনীতে স্থান পেয়েছে শিল্পীর চোখে বিভিন্ন সময়ে ঢাকার অবস্থান। ৬৮টি শিল্পকর্ম স্থান পাওয়া এ প্রদর্শনী চলবে ৩০ আগস্ট পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ১টা এবং বিকাল ৫টা থেকে রাত ৮টা।
- **হোটেল শেরাটন :** ২৫ আগস্ট হোটেল শেরাটনের উইন্টার গার্ডেনে অনুষ্ঠিত হবে ফ্যাশন ডিজাইনার রুখসানা আনোয়ারের বুটিক স্পর্শের 'ব্রাইডলি ফ্যাশন শো ০৫'। ফ্যাশন শোতে শুধু বিয়ের বিভিন্ন ধরনের পোশাক এবং বিয়ের আনুষঙ্গিক সরঞ্জাম নিয়ে ডিজাইনার রুখসানা আনোয়ার তার দীর্ঘ অভিজ্ঞতার নান্দনিক প্রতিফলন ঘটাবেন। এই ফ্যাশন শোটির পরিপূর্ণতায় সহযোগিতা করেছে স্পর্শ, পূরবী জুয়েলার্স, কিউ নেলা, সাকো ওয়াচ, এটিএন বাংলা এবং স্কয়ার ইলেক্ট্রনিকস্ লিঃ।

সুভার প্রিমিয়ার শো

৮ আগস্ট বলাকায় রবীন্দ্রনাথ ঠাকুরের গল্প অবলম্বনে 'সুভা' চলচ্চিত্রের প্রিমিয়ার শো অনুষ্ঠিত হয়। এটি ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেডের প্রযোজনায় নির্মিত। ছবিটির পরিচালক চাষী নজরুল ইসলাম, যার হাতে প্রাণ পেয়ে ইমপ্রেস টেলিফিল্মের প্রযোজিত আরেকটি চলচ্চিত্র 'শাস্তি' জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছিল। সুভা ছবির চিত্রনাট্য

সুভা ছবিতে পূর্ণিমা ও শাকিব খান

দিয়েছেন মমতাজউদ্দীন আহমদ। বলাকায় অনুষ্ঠিত 'সুভা' ছবির প্রিমিয়ার শোতে এই ছবির অভিনেতা-অভিনেত্রীসহ চলচ্চিত্র অঙ্গনের আরও অনেকেই উপস্থিত ছিলেন। এই ছবিতে মূল চরিত্রে অভিনয় করেছেন পূর্ণিমা এবং তার বিপরীতে আছেন শাকিব খান। এ ছাড়া গুরুত্বপূর্ণ একটি ভূমিকায় বাংলাদেশের প্রথম ছবি মুখ ও মুখোশের নায়িকা সুজাতা অভিনয় করেছেন। প্রায় দীর্ঘ ১১ বছর পর তিনি আবারও চলচ্চিত্রে ফিরে এলেন। প্রিমিয়ার শো-এর আগে তার অনুভূতি ব্যক্ত করতে গিয়ে প্রথমেই বলেন, 'অনেকদিন পর মঞ্চে উঠলাম। সত্যি খুব ভালো লাগছে।' তিনি আরও বলেন, 'প্রথম যখন চলচ্চিত্রে আসি, তখন চলচ্চিত্রের ধারাপাত দিয়ে শুরু করেছিলাম। তারপর দীর্ঘ বিরতির পর রবীন্দ্রনাথের গল্প দিয়ে শুরু করতে পেরেছি। এটা আমার জন্য এক বিশাল অর্জন।' তিনি এই অর্জনের সুযোগ তৈরি করে দেবার জন্য ইমপ্রেস টেলিফিল্মের ম্যানেজিং ডিরেক্টর ফরিদুর রেজা সাগর এবং পরিচালক চাষী নজরুল ইসলামকে ধন্যবাদ জানান।

এই মাসেই বাংলাদেশের চলচ্চিত্র ৫০ বছরে পদার্পণ করতে যাচ্ছে। অর্ধশতাব্দীর ইতিহাসে ইমপ্রেস টেলিফিল্ম দ্বিতীয়বার রবীন্দ্রনাথের সাহিত্য নিয়ে চলচ্চিত্র নির্মাণের সাহস দেখিয়েছে। রবীন্দ্র-সাহিত্য নিয়ে প্রথম চলচ্চিত্র শাস্তি ও নির্মাণ করেছেন ইমপ্রেস টেলিফিল্ম এবং সেটা এই বছরেই মুক্তি পেয়েছে। অর্থাৎ ইমপ্রেস টেলিফিল্ম একই বছরে রবীন্দ্র-সাহিত্য নিয়ে দুটি চলচ্চিত্র নির্মাণ করল। ইমপ্রেস টেলিফিল্মের ম্যানেজিং ডিরেক্টর ফরিদুর রেজা সাগর বলেন, 'চলতি বছরে 'সুভা' ছবিটি আমাদের ছয় নম্বর ছবি। এই বছরে আরও পাঁচটি ছবি আপনাদের উপহার দেয়ার চেষ্টা করব।'

সুভা ছবিটি মোবাইল ফোন কোম্পানি 'একটেল' স্পন্সর করেছে। এ ছবিটি উৎসর্গ করা হয়েছে কথাশিল্পী রাবেয়া খাতুনকে। ছবির পরিচালক চাষী নজরুল ইসলাম বলেন, আমি যা বলতে চেয়েছিলাম, সেটা ছবির পর্দায় বলেছি। তিনি এই ছবি নির্মাণের পেছনে নিরলস পরিশ্রম করার জন্য ফরিদুর রেজা সাগর ও ছবিতে যারা অভিনয় করেছেন তাদের ধন্যবাদ জানান। এছাড়া প্রিমিয়ার শোতে আমন্ত্রিত 'দেবদাস' ছবির পার্বতী চরিত্রের অভিনেত্রী লোপা, কবরীসহ উপস্থিত সবাইকে ধন্যবাদ জানান।

আলোচনা অনুষ্ঠানের সর্বশেষে ইমপ্রেস টেলিফিল্মের ম্যানেজিং ডিরেক্টর ফরিদুর রেজা সাগর ছবির অভিনেতা-অভিনেত্রী ও পরিচালকের হাতে ছবির ব্যানার তুলে দেন। এরপর ইমপ্রেস টেলিফিল্মের সাফল্যের খাতায় কখনও মেঘ কখনও বৃষ্টি, ব্যাচেলর, রূপবান, কীর্ত্তনখোলার মত পর্দায়। 'সুভা' ছবির পদার্পণ ঘটে।

ভিসিডি

হৃদয়ের একূল ওকূল : আনিসুল হকের রচনা এবং গিয়াসউদ্দিন সেলিমের পরিচালনায় নাটক 'হৃদয়ের একূল ওকূল' বাজারে এনেছে লেজারভিশন। অভিনয়ে মাহফুজ আহমেদ, শ্রাবন্তী, ফজলুর রহমান, স্নিগ্ধা, দিলারা জামান প্রমুখ।

ফ্ল্যাট ৫৯ : সোহেল আরমানের রচনা ও পরিচালনায় 'ফ্ল্যাট ৫৯ লাভ লেইন' নাটকটি বাজারে এনেছে জি-সিরিজ। নাটকটিতে অভিনয় করেছেন তৌকীর আহমেদ, শমী কায়সার, রোজি সিদ্দিকী, সালাউদ্দিন লাভলু প্রমুখ।

এত কষ্ট কেন ভালোবাসায় : ফেরদৌস হাসানের রচনা ও পরিচালনায় 'এত কষ্ট কেন ভালোবাসায়' বাজারে এনেছে ওয়ার্ল্ড কম। নাটকটিতে অভিনয় করেছেন মাহফুজ আহমেদ, মৌসুমী, সুইটি, সমু চৌধুরী প্রমুখ।

ভালোবাসার মেয়ে : জি-সিরিজের ব্যানারে বাজারে এসেছে 'ভালোবাসার মেয়ে'। বাংলা ছবির রোমান্টিক গানের এই ভিডিও অ্যালবামটিতে রয়েছে রং নাম্বার, ঘর জামাই, লাল সবুজ, শ্যামল ছায়া, শাস্তি প্রভৃতি ছবির গান।

অচেনা : 'অচেনা' নাটকটি বাজারে এনেছে লেজারভিশন। ইমদাদুল হক মিলন রচিত এবং রফিক উল্লাহ সেলিম পরিচালিত এ নাটকে অভিনয় করেছেন তৌকীর আহমেদ, শমী কায়সার, বুলবুল আহমেদ, সালেহ আহমেদ প্রমুখ।

জুয়া : অনল রায়হানের রচনা এবং বিপুল রায়হানের পরিচালনায় 'জুয়া' নাটকটি বাজারে এনেছে ওয়াল্ডকম। নাটকটিতে অভিনয় করেছেন ইলিয়াস কাঞ্চন, লিটু আনাম, তারিন প্রমুখ।

বনুর গল্প : লেজারভিশন বাজারে এনেছে হুমায়ূন আহমেদের নাটক অদেখা ভুবনের 'বনুর গল্প'। নাটকটিতে অভিনয় করেছেন শামীমা নাজনীন, এজাজুল ইসলাম, মিতা নূর, ফারুখ আহমেদ, সালেহ আহমেদ প্রমুখ।

হারানের নাত জামাই : মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোট গল্প অবলম্বনে 'হারানের নাতজামাই' নাটকটি বাজারে এনেছে জি-সিরিজ। গিয়াসউদ্দিন সেলিমের পরিচালনায় এ নাটকে অভিনয় করেছেন হুমায়ূন ফরীদি, নাজমা আনোয়ার, ফজলুর রহমান বাবু, সুইটি প্রমুখ।

টিসিএল-এর নতুন বিজ্ঞাপন

'টিসিএল মানে জীবন্ত ছবি, চলে অবিরাম, টিসিএল মানে নিখুঁত শব্দ, যেমন চেয়েছিলাম'। বাপ্পা মজুমদারের সুর ও কণ্ঠে এ রকম একটি শ্রুতিমধুর জিঙ্গেলে নির্মিত হয়েছে টিসিএল টিভির নতুন বিজ্ঞাপনচিত্র। বিজ্ঞাপনটি নির্মাণ করেছেন বিজ্ঞাপনী সংস্থা প্রমোট। বিজ্ঞাপনচিত্রে ক্রিয়েটিভ ডিরেক্টর হিসেবে কাজ করেছেন বাঁধন এবং নির্দেশনায় সাজ্জাদ সুমন। বিজ্ঞাপনটিতে ব্যবহার করা হয়েছে থ্রিডি অ্যানিমেশন বর্তমানে প্রচারিত হচ্ছে বিভিন্ন টিভি চ্যানেলে।

টিটো রহমান, রুহুল তাপস, মারুফ রনি